

সাধারণ লোকসভা নির্বাচন, ২০১৪

আবেদন

ভারতীয় দণ্ডবিধির ১৭১ খ ধারা অনুযায়ী নির্বাচনের সময় কোনও ব্যক্তি অপর কোনও ব্যক্তির ভোটাদিকার প্রয়োগকে প্রভাবিত করার উদ্দেশ্যে, নগদে অথবা নগদ অর্থ ভিন্ন অন্য কোনও ভাবে উৎকোচ গ্রহণ বা প্রদান করলে তা একটি শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে এবং এর শাস্তিস্বরূপ এক বছর পর্যন্ত জেল বা জরিমানা অথবা জেল ও জরিমানা উভয়ই হতে পারে।

অধিকন্তু, ভারতীয় দণ্ডবিধির ১৭১ গ ধারা অনুযায়ী, কোনও ব্যক্তি কোনও প্রার্থীকে বা নির্বাচককে, অথবা অন্য কোনও ব্যক্তিকে যে কোনও ধরনের আঘাত করার ভীতি প্রদর্শন করলে তা একটি শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে এবং এর শাস্তিস্বরূপ এক বছর পর্যন্ত জেল বা জরিমানা অথবা জেল ও জরিমানা উভয়ই হতে পারে।

উৎকোচ গ্রহণকারী ও উৎকোচ প্রদানকারী উভয়ের বিরুদ্ধে মামলা (কেস) রুজু করা এবং নির্বাচকদের ভয়-ভীতি প্রদর্শনকারী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার উদ্দেশ্যে দ্রুতগামী বাহিনী (ফ্লাইং স্কোয়াড) গঠন করা হয়েছে। সকল নাগরিককে এতদ্বারা অনুরোধ করা যাচ্ছে যে, তাঁরা যেন কোনও উৎকোচ গ্রহণ করা থেকে বিরত থাকেন এবং কেউ উৎকোচ দেবার প্রস্তাব করলে অথবা কোনও উৎকোচ বিনিময়ের সংবাদ বা নির্বাচকদের ভয়-ভীতি প্রদর্শনের সংবাদ জানা থাকলে তা জেলায় দিবারাত্র পরিচালিত অভিযোগ-গ্রহণ কেন্দ্রে নিঃশঙ্ক (টোল-ফ্রি) ১৯৫০ নম্বরে ফোন করে জানানোর জন্য নাগরিকবৃন্দকে অনুরোধ করা হচ্ছে।

১৯৫১-র জনপ্রতিনিধিত্ব আইনের ১২৭ ক ধারার আইনি সংস্থান অনুসারে, নির্বাচনী বিজ্ঞাপন, প্রচারপুস্তিকা ইত্যাদির প্রকাশকের পক্ষে প্রকাশক ও মুদ্রকের নাম ও ঠিকানা মুদ্রিত করা বাধ্যতামূলক।

নির্বাচনে ভোট দেওয়ার জন্য ভোটার তালিকায় আপনার নাম থাকা আবশ্যিক।

চলতি ধারাবাহিক সংশোধন প্রক্রিয়ার অধীনে আপনি এখনও ভোটার তালিকায় নাম তুলতে পারেন।

যোগাযোগ করুন স্থানীয় বি.এল.ও.-র সঙ্গে অথবা বি.ডি.ও./ এস.ডি.ও./ডি.এম. অফিসে।

কলকাতার ক্ষেত্রে যোগাযোগ করুন সংশ্লিষ্ট নির্বাচক নিবন্ধন আধিকারিকের অফিসে।

আগামী ৯ই মার্চ, রবিবার, সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সংশ্লিষ্ট নির্বাচনকেন্দ্রে একটি বিশেষ সভার আয়োজন করে সেখানে নির্বাচক তালিকা প্রদর্শন ও পাঠ করা হবে। যদি নির্বাচকের নাম কোনও কারণে তালিকা থেকে বাদ পড়ে থাকে, তবে ওই দিনই তিনি ৬ নং ফর্মে বি.এল.ও.-র কাছে আবেদনপত্র জমা দেবেন।

ভোটার তালিকায় আপনার নাম ও ভোটকেন্দ্রের তথ্য আপনিও জানতে পারেন।

আমাদের ওয়েবসাইট www.ceowestbengal.nic.in দেখুন।

অথবা আপনার ভোটার কার্ড নম্বরটি SMS করুন ৯৪৩৩৬৩৩৩৩৩ নম্বরে;

অথবা লিখুন, WB <space>EC <space> EPIC No. আর তা পাঠিয়ে দিন ৫১৯৬৯ নম্বরে;

অথবা ফোন করুন টোলফ্রি ১৯৫০ নম্বরে;

জেলার হেল্পলাইন নম্বর জানতে দেখুন আমাদের ওয়েবসাইট।

পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক কর্তৃক জনস্বার্থে প্রচারিত

শক্তিশালী গণতন্ত্রের জন্য অধিকতর অংশগ্রহণ।